গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
ইউএসওএফ ব্যবস্থাপনা
www.telecomdept.gov.bd

নম্বর ১৪.৩০.০০০০.৪৫১.৩৫.০০১.১৯.৭৪

তারিখ ২৮ ভাদ্র ১৪২৬
১২ সেপ্টেম্বর ২০১৯

...

বিষয়: **শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভা আহবান প্রসংগ ।**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে , টেলিযোগাযোগ অধিদপ্তরের ২০১৯-২০২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ সংক্রান্ত " নৈতিকতা কমিটি " এর এক সভা কমিটির সভাপতি ও মহাপরিচালক টেলিযোগাযোগ অধিদপ্তর এর অফিস কক্ষে আগামী ১৫ সেপ্টেম্বর ২০১৯ , রবিবার , সকাল ১১.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে ।

উক্ত সভায় কমিটির সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো ।

সভার আলোচ্যসূচী :

১। ২০১৯-২০২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ।
২। ১৪.০৭.২০১৯ তারিখে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে অনুষ্ঠিত শুদ্ধাচার সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ।
৩। বিবিধ ।

১২-৯-২০১৯
এস. এম আতাউল করিম
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
২) পরিচালক, প্রশাসন অনুবিভাগ, টেলিযোগাযোগ অধিদপ্তর
৩) উপপরিচালক, অর্থ অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর
৪) উপপরিচালক, টেলিকম নিরাপত্তা, টেলিযোগাযোগ অধিদপ্তর
৫) পি এ টু মহাপরিচালক , টেলিযোগাযোগ অধিদপ্তর , তেজগাও , ঢাকা ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
ইউএসওএফ ব্যবস্থাপনা

জাতীয় শুদ্ধাচার কৌশলের সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে টেলিযোগাযোগ অধিদপ্তরের "নৈতিকতা কমিটি"র ১৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মহসিনুল আলম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রি: । |
| সভার সময় | সকাল ১১.৩০ ঘটিকা । |
| স্থান | মহাপরিচালক , ডিওটিএর অফিস কক্ষ । |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য । |

সভাপতি সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অত:পর কার্যপত্র মোতাবেক আলোচনা করা হয় ।

( ১) ডাক ও টেলিযোগাযোগ বিভাগে ১৪.০৭.২০১৯ খ্রি: তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :

ডাক ও টেলিযোগাযোগ বিভাগে ১৪.০৭.২০১৯ খ্রি: তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে টেলিযোগাযোগ অধিদপ্তর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় । টেলিযোগাযোগ অধিদপ্তর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরুপ :

| আলোচ্য বিষয় | সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি/মন্তব্য |
|---|---|---|
| ১। নৈতিকতা কমিটি সংক্রান্ত। | প্রত্যেকটি দপ্তর/সংস্থা নিয়মিত নৈতিকতা কমিটির সভা করে কার্যবিবরণী এ বিভাগে প্রেরণ অব্যাহত রাখবেন এবং সভার নোটিশ এ বিভাগে প্রেরণ করবে। | টেলিযোগাযোগ অধিদপ্তরে নিয়মিত নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয় এবং সভার নোটিশ ও কার্যবিবরণী ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণ করা হয় । |
| ২। পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা । | প্রত্যেকটি দপ্তর/সংস্থা নিয়মিত পূর্ববর্তী সভার গ্রহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি এ বিভাগকে অবহিত করবেন। | টেলিযোগাযোগ অধিদপ্তর নিয়মিত পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি ডাক ও টেলিযোগাযোগ বিভাগকে অবহিত করে । |
| ৩। কর্মকর্তা কর্মচারীদের অংশগ্রহনে নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারী কর্মচারী আচরণ বিধিমালা ১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত। | (ক) দপ্তর সংস্থাসমূহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোতে উল্লেখিত বিষয়ের উপর আঞ্চলিক অফিসে সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজন করবে।<br>(খ) এ বিষয়ে এ বিভাগকে অবহিত করবে এবং প্রশিক্ষণে এ বিভাগের কর্মকর্তাদের Resource person হিসেবে নেয়া যেতে পারে। | টেলিযোগাযোগ অধিদপ্তর শুদ্ধাচার কৌশল কাঠামোতে বর্ণিত বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ আয়োজন করে । |

| | | |
|---|---|---|
| ৪। অনলাইন সেবা সংক্রান্ত । | বিটিসিএল ও ডাক অধিদপ্তর সত্বর অনলাইন Complain চালু করার বিষয়ে ব্যবস্থা গ্রহন করে এ বিভাগকে অবহিত করবে। | প্রযোজ্য নয় । |
| ৫। পরিবীক্ষণ ও মূল্যায়ন । | এ বিষয়ে বিটিসিএল ও ডাক অধিদপ্তরকে তৎপর হতে হবে এবং আঞ্চলিক অফিসে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা কার্যক্রম তথ্যাদি এ বিভাগকে অবহিত করবে। | প্রযোজ্য নয় । |
| ৬। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯ । | (ক) এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯ এর ৪র্থ কোয়ার্টারের ছকটি অনুমোদন প্রদান করা হলো।<br>(খ) জাতীয় শুদ্ধাচার কৌশল, কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯ এর ৪র্থ কোয়ার্টারের অগ্রগতি যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রযোজ্য নয় । |
| ৭। তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ । | টেশিস তথ্য কমিশন হতে অনলাইনে প্রশিক্ষণ গ্রহন করে এ বিভাগে সার্টিফিকেট প্রেরণ করবে। | প্রযোজ্য নয় । |
| ৮। শুদ্ধাচার পরিকল্পনা বাস্তবায়ন ও প্রতিবেদন সংক্রান্ত । | ১৪-০৭-২০১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটি সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫ই সেপ্টেম্বর ২০১৯ এর মধ্যে এবং ১ম কোয়ার্টারের রিপোর্ট ২৫শে সেপ্টেম্বর ২০১৯ এর মধ্যে এ বিভাগে প্রেরণ করবে। | টেলিযোগাযোগ অধিদপ্তর বর্ণিত প্রতিবেদনসমূহ নির্ধারিত সময়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণ করবে । |
| ৯। বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ও নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ/ব্রিফিং । | এপিএ ও এনএসআই ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে ব্রিফিং/প্রশিক্ষণ সেশনের আয়োজন করতে হবে। | প্রযোজ্য নয় । |
| ১০। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর সার্বিক কার্যাদি । | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর সকল কার্যক্রম নিদিষ্ট সময়ে সম্পন্ন করতে হবে। | টেলিযোগাযোগ অধিদপ্তর জাতীয় শুদ্ধাচার ২০১৯-২০ এর সকল কার্যক্রম নির্দিষ্ট সময়ে সম্পন্ন করার জন্য সচেষ্ট রয়েছে । |

(২)২০১৯-২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর ১ম কোয়ার্টার ( জুলাই ২০১৯- সেপ্টেম্বর ২০১৯ ) প্রতিবেদন ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণ প্রসংগে :

সভায় টেলিযোগাযোগ অধিদপ্তরে ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর ১ম কোয়ার্টার ( জুলাই ২০১৯ - সেপ্টেম্বর ২০১৯ ) বাস্তবায়ন সম্পর্কে আলোচনা হয় । আলোচনা মোতাবেক ১ম কোয়ার্টার প্রতিবেদন ডাক ও টেলিযোগাযোগ বিভাগে ২৫ সেপ্টেম্বরের মধ্যে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয় ।

সিদ্ধান্ত : ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ১ম কোয়ার্টার প্রতিবেদন ২৫ সেপ্টেম্বর ২০১৯ এর মধ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণ করা হবে ।

বাস্তবায়নে : শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ।

(৩)ই-জিপির মাধ্যমে সকল ক্রয় প্রক্রিয়া সম্পন্নকরণ :

সভাকে অবহিত করা হয় যে, ২০১৯-২০ অর্থ-বছরে টেলিযোগাযোগ অধিদপ্তরে ই-জিপির মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হয়নি । সভায় টেলিযোগাযোগ অধিদপ্তরের ই-জিপির মাধ্যমে ক্রয় প্রক্রিয়া আরম্ভ করার বিষয়টিতে গুরুত্ব আরোপ করা হয় ।

সিদ্ধান্ত : টেলিযোগাযোগ অধিদপ্তরের ক্রয় প্রক্রিয়ায় ই-জিপিকে অগ্রাধিকার প্রদান করা হবে ।

বাস্তবায়ন : অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ ), পরিচালক (প্রশাসন) ।

(৪) ই-ফাইলিং :

সভাকে অবহিত করা হয় যে, a2i এর প্রতিবেদনে ০১-৩১ আগস্ট , ২০১৯ এর সময়ে ই-নথি ব্যবহারের দিক থেকে সারাদেশের অধিদপ্তর (মধ্যম ক্যাটাগরি ) এর মধ্যে টেলিযোগাযোগ অধিদপ্তরের অবস্থান ৬ষ্ঠ । উক্ত অবস্থানকে আরো উন্নীতকরণের উপর সভায় গুরুত্ব আরোপ করা হয় । দাপ্তরিক সকল কাজ ই-ফাইলের মাধ্যমে সম্পন্নকরণ এবং ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তিকৃত বিষয় পুনরায় হার্ড ফাইলে না উঠানোর জন্য a2i থেকে নির্দেশনা প্রদান করা হয়েছে । অত্র অধিদপ্তরের সকল শাখায় উপরোক্ত নির্দেশ মোতাবেক ই-ফাইলিং এর মাধ্যমে চিঠি-পত্রাদি গ্রহণ , অনুমোদন গ্রহণ ও প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে ।

সিদ্ধান্ত : টেলিযোগাযোগ অধিদপ্তরের সকল শাখা/অধিশাখায় ই-ফাইলিং কার্যক্রম a2i প্রকল্পের নির্দেশনা মোতাবেক সম্পন্ন করতে হবে । উক্ত কার্যক্রমের জন্য প্রয়োজনীয় অবকাঠামো রক্ষণাবেক্ষণ এবং নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে ।

বাস্তবায়নে : পরিচালক (প্রশাসন) , ফোকাল পয়েন্ট ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

মোঃ মহসিনুল আলম
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.৪৫১.৩৫.০০১.১৯.৭৬

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৬
১৫ সেপ্টেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
২) যুগ্ম সচিব, যুগ্মসচিব (নিরীক্ষা)-এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
৩) অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন ও অর্থ, টেলিযোগাযোগ অধিদপ্তর
৪) পরিচালক, প্রশাসন অনুবিভাগ, টেলিযোগাযোগ অধিদপ্তর
৫) উপপরিচালক, অর্থ অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর
৬) উপপরিচালক, টেলিকম নিরাপত্তা, টেলিযোগাযোগ অধিদপ্তর
৭) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক-এর দপ্তর, টেলিযোগাযোগ অধিদপ্তর

মোঃ মফিজ উদ্দিন
উপপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেলিযোগাযোগ অধিদপ্তর
মহাপরিচালকের কার্যালয়
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.telecomdept.gov.bd

DEPARTMENT OF TELECOMMUNICATIONS

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত 'নৈতিকতা কমিটি ' এর সভায় উপস্থিতির বিবরণ ।

সভাপতি : মহাপরিচালক , টেলিযোগাযোগ অধিদপ্তর ।

সভার স্থান : সভাপতির অফিস কক্ষ ।

সভার সময় : ১৫ সেপ্টেম্বর ২০১৯ , রবিবার , সকাল : ১১.৩০ ঘটিকা ।

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | মো: আব্দুর রহমান আকন্দ | পরিচালক (প্রশাসন) | [signature] |
| ২। | মো. মাসুদ করিম | উপ-পরি (অর্থ) | [signature] ১৫.৯.১৯ |
| ৩। | মোঃ রুহুল আমীন | DD (Telecom Security) | [signature] |
| ৪। | মোঃ সাবির উদ্দিন | উপ পরিচালক (বিটিআরসি [illegible]) | [signature] 15/9/19 |
| ৫। | | | |
| ৬। | | | |
| ৭। | | | |